তারিখ ... 01 JUL 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

কালের কণ্ঠ

# বেসরকারি শিক্ষক নিয়োগে আবেদনের সময় বাড়ল

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের আবেদনের সময়সীমা বাড়ানো হয়েছে। পরিবর্তিত সময়সীমা অনুযায়ী আগামী ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) বরাবর অনলাইনে (www.ntrca.gov.bd এবং ngi.teletalk.com.bd) এ আবেদন করা যাবে।

গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এর আগে এনটিআরসিএর ৬ জুনের এক প্রেস বিজ্ঞপ্তিতে ৩০ জুন শূন্য পদের তথ্য প্রকাশ এবং এসব পদে নিয়োগ লাভের জন্য ২৮ জুলাই এর মধ্যে আবেদন করতে বলা হয়েছিল। বিজ্ঞপ্তিতে জানানো হয়, শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলো থেকে পাওয়া জেলা ও বিভাগীয় শহরভিত্তিক চাহিদার একটি একীভূত তালিকা পরে এনটিআরসিএর ওয়েবসাইটে ও অ্যাপে প্রকাশ করা হবে।

নিয়োগ বাণিজ্য ঠেকাতে গত বছরের ২১ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা সংশোধন করে, যার ফলে শিক্ষক নিয়োগে পরিচালনা পর্ষদের ক্ষমতা খর্ব হয়। নতুন নিয়মে শিক্ষাপ্রতিষ্ঠানের শূন্য পদের বিপরীতে আবেদনকারীদের মধ্য থেকে মেধাক্রম তৈরি করে দেবে এনটিআরসিএ। ওই মেধাক্রমের প্রার্থীকেই নিয়োগ দিতে হবে শিক্ষাপ্রতিষ্ঠানকে। নতুন নিয়ম প্রবর্তনের কারণে ২০১৫ সালের ২২ অক্টোবর থেকে শিক্ষক নিয়োগ বন্ধ রয়েছে।